ভোরের কাগজ

তারিখ ..........
পৃষ্ঠা .......... কলাম ..........

উপাচার্যের ঘোষণা

# ২০০২ সালের মধ্যেই জাতীয় বিশ্ববিদ্যালয়ে সেশনজট থাকবে না

**বিশ্ববিদ্যালয় প্রতিবেদক :** জাতীয় বিশ্ববিদ্যালয়ের উপাচার্য অধ্যাপক দুর্গাদাস ভট্টাচার্য আগামী ২০০২ সালের মধ্যে জাতীয় বিশ্ববিদ্যালয়কে সেশনজট মুক্ত করার ঘোষণা দিয়েছেন।

নগরীর বোরহানুদ্দীন পোস্ট গ্রাজুয়েট কলেজের কম্পিউটার বিজ্ঞানে এমএসসি কোর্স উদ্বোধনকালে তিনি এ কথা বলেন।

প্রফেসর দুর্গাদাস আরো বলেন, এখন থেকে জাতীয় বিশ্ববিদ্যালয়ের সকল পরীক্ষার ক্ষেত্রেই পরীক্ষা অনুষ্ঠানের পাঁচ মাসের মধ্যে ফলাফল প্রকাশ করার ব্যবস্থা নেওয়া হয়েছে।

জাতীয় বিশ্ববিদ্যালয়ের অধিভুক্ত কলেজের শিক্ষার্থীরা মার্কিন যুক্তরাষ্ট্রসহ বিদেশের বিভিন্ন বিশ্ববিদ্যালয়ে ক্রেডিট ট্রান্সফারের ভিত্তিতে উচ্চ শিক্ষা লাভের সুযোগ পাবে বলেও তিনি উল্লেখ করেন।